গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
১ কারওয়ান বাজার (টিসিবি ভবন-৮ম তলা), ঢাকা
www.dncrp.gov.com

নম্বর: ২৬.০৪.০০০০.১১১.১৭.২২৬.১৯-৩১৪ তারিখ: ২ অক্টোবর ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকি: বিভিন্ন অপরাধে ৮২টি প্রতিষ্ঠানকে ৪.৬০ লক্ষ টাকা জরিমানা

১ অক্টোবর ২০১৯ খ্রি:

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রধান কার্যালয় বিভাগীয় ও জেলা কার্যালয়ের৩৪ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর চট্টগ্রাম মহানগর, ফরিদপুর, গাজীপুর, নেত্রকোণা, নরসিংদী, মুন্সীগঞ্জ, ময়মনসিংহ, কিশোরগঞ্জ, মাদারীপুর, কক্সবাজার, নোয়াখালী, চাঁদপুর, ফেনী, রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, খুলনা, বাগেরহাট, ঝিনাইদহ, যশোর, কুষ্টিয়া, সিলেট, পটুয়াখালী, ভোলা, ঝালকাঠি, দিনাজপুর, কুড়িগ্রাম ও ঠাকুরগাঁও-তে বাজার তদারকি কার্যক্রম পরিচালনা করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়েরউপপরিচালক জনাব মনজুর মোহাম্মদ শাহরিয়ার, সহকারী পরিচালক জনাব ফাহমিনা আক্তার, জনাব ইন্দ্রানী রায় ও ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালকজনাব মো: আব্দুল জব্বার মন্ডল কর্তৃক গুলশান ও মোহাম্মদপুর এলাকায় বাজার তদারকি কার্যক্রমপরিচালনা করা হয়। বাজার তদারকিকালে পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে 'কফি ওয়ার্ল্ড' কে ১০,০০০/- (দশ হাজার) টাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে 'মনির হোসেনের পেয়াজের দোকান', 'আহসানের পেয়াজের দোকান', 'তৃষা জেনারেল স্টোর', 'মনির হোসেনের পেয়াজের দোকান', 'সুরুজ আলী স্টোর', 'জলিল জেনারেল স্টোর', 'মিলন জেনারেল স্টোর', 'সুজন এন্টারপ্রাইজ', 'মুন্সিগঞ্জ বাণিজ্যালয়', 'মাদারিপুর ট্রের্ডার্স' কে যথাক্রমে ২,০০০/- (দুই হাজার) টাকা, ২,০০০/- (দুই হাজার) টাকা, ৩,০০০/- (তিন হাজার) টাকা, ২,০০০/- (দুই হাজার) টাকা, ৩,০০০/- (তিন হাজার) টাকা, ৩,০০০/- (তিন হাজার) টাকা, ১,০০০/- (এক হাজার) টাকা, ১,০০০/- (এক হাজার) টাকা, ২,০০০/- (দুই হাজার) টাকা, ২,০০০/- (দুই হাজার) টাকা এবং খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণের অপরাধে 'সিয়ামের চাউলের দোকান' কে ২০,০০০/- (বিশ হাজার) টাকা জরিমানা করা হয়। অর্থাৎ গত১ অক্টোবর ২০১৯ তারিখে বিভিন্ন অপরাধে সর্বমোট**৫১,০০০/- (একান্ন হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অপরদিকে প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক জনাবপ্রনব কুমার প্রামানিক কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর শাহ আলী এলাকায় পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে২টি প্রতিষ্ঠানকে **১১,০০০/- (এগার হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া দেশব্যাপী **২৯টি** বাজার তদারকি কার্যক্রমের মাধ্যমে অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরি, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা, ভেজাল পণ্য বা ঔষধ বিক্রয়, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রের কারচুপি, ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, সেবা গ্রহীতার জীবন বা নিরাপত্তা বিপন্নকারী কার্যকলাপ, ওজনে কারচুপি, সেবা প্রদানে অবহেলা ইত্যাদি দ্বারা সেবাগ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো এবং পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে **৬০টি** প্রতিষ্ঠানকে **৩,৭১,১০০/- (তিন লক্ষ একাত্তর হাজার একশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রির অপরাধে **৮টি** প্রতিষ্ঠানকে **২৭,৪০০/- (সাতাশ হাজার চারশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং আইনানুযায়ী **৮ জন** অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে তৎক্ষণাৎ **৬,৮৫০/- (ছয় হাজার আটশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

গত ১ অক্টোবর ২০১৯ তারিখে সর্বমোট**৩৪টি** বাজার তদারকি কার্যক্রম পরিচালনাও **৮টি** লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **৮২টি** প্রতিষ্ঠানকে মোট **৪,৬০,৫০০/- (চার লক্ষ ষাট হাজার পাঁচশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, জেলা পুলিশ, আর্মড পুলিশ ব্যাটলিয়ন, সিভিল সার্জন, মৎস্য কর্মকর্তা, পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি, বাজার কর্মকর্তা, স্যানিটারি ইন্সপেক্টর, শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি এবং ক্যাবের সদস্যগণ এসব তদারকি কার্যক্রমেসহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে জনগণের মাঝে লিফলেট ও প্যাম্পফ্লেট বিতরণ করা হয়েছে।

স্বাক্ষরিত/-
আফরোজা রহমান
সহকারী পরিচালক (কার্যক্রম)
ফোনঃ ০২-৮১৮৯৪১১
ই-মেইলঃ ad-operation@dncrp.gov.bd

বিতরণ:

১। ব্যবস্থাপনা পরিচালক, এটিএন বাংলা/এটিএন নিউজ/চ্যানেল আই/ইটিভি/এনটিভি/আরটিভি/বাংলাভিশন/দেশ টেলিভিশন/সময় টিভি/চ্যানেল ৭১/যমুনা টিভি/এসএটিভি/মাছরাঙা/গাজী টেলিভিশন/বৈশাখী টিভি/চ্যানেল নাইন/এশিয়া টিভি/মাইটিভি/বিজয় টেলিভিশন (উল্লিখিত টিভি চ্যানেলগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

২। সম্পাদক, দৈনিক প্রথম আলো/ডেইলি স্টার/দৈনিক ইত্তেফাক/দৈনিক যুগান্তর/দৈনিক সমকাল/দৈনিক জনকন্ঠ/দৈনিক মানবজমিন/ দৈনিক আমাদের সময়/দৈনিক নয়াদিগন্ত/দৈনিক যায়যায়দিন/দৈনিক বাংলাদেশ প্রতিদিন/দৈনিক সংগ্রাম/দৈনিক ভোরের কাগজ/দৈনিক সকালের খবর/দৈনিক ভোরের ডাক/দৈনিক দিনকাল/দৈনিক মানবকন্ঠ/দৈনিক আমাদের অর্থনীতি/দৈনিক বণিক বার্তা/বার্তা/দৈনিক আমার কাগজ/সাপ্তাহিক কনজুমার ভয়েস/দৈনিক দেশেরপত্র (উল্লিখিত সংবাদ পত্রিকাগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): নোটিশ বোর্ডে প্রদর্শন/তাঁর নিয়ন্ত্রিত প্রচার মাধ্যমে প্রচারের অনুরোধসহ

১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৩। পরিচালক (প্রশাসন ও অর্থ), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
৪। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৫। পুলিশ কমিশনার (সকল)।
৬। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৭। জেলা প্রশাসক (সকল)।
৮। পুলিশ সুপার (সকল)।
৯। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
১০। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
১১। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।